এতাবত্ত্বমেবাহ, তন্নামগ্রহণাদিভির্যো ভক্তিযোগঃ সাক্ষাদ্ভক্তিরিতি। এবকারেণান্যব্যাবৃত্তত্বং স্পষ্টয়তি, ভগবতীতি। নামগ্রহণাদিষ্বপি যদি কর্ম্মাদৌ তৎসাদ্গুণ্যাদ্যর্থং প্রযুজ্যন্তে তদা তস্য পরত্বং নাস্তি তুচ্ছফলার্থং প্রযুক্তত্বেন তদপরাধাদিত্যর্থঃ। তথৈব ক্ষয়িষ্ণুফলদাতৃত্বঞ্চ ভবতীতি ভাবঃ॥ ৬। ৩। শ্রীযমঃ স্বভটান্॥ ৯২॥

পুরুষসকলের অর্থাৎ জীবমাত্রের পরধর্ম্ম—সার্ব্বভৌম ধর্ম্ম। ইহাই সর্ব্বশাস্ত্রসম্মত, ইহার অধিক ধর্ম্ম কিছুই হইতে পারে না। সেই এই সার্ব্বভৌম ধর্ম্মটিই বা কি? অর্থাৎ যে ধর্ম্মে সর্ব্বজীবের সমান অধিকার, এবম্ভূত শব্দটিই বা কি? তাহাই বলিতেছেন—সেই হরির নামগ্রহণ প্রভৃতি দ্বারা শ্রীভগবানে ভক্তিযোগের আবির্ভাব লাভ করা অর্থাৎ সাক্ষাৎ ভক্তিটি অনুষ্ঠান করা। এ স্থানের তাৎপর্য্য এই যে—যিনি যে ধর্ম্ম অনুষ্ঠান করুন, সেই ধর্ম্মে যদি শ্রীভগবানের প্রতি প্রাণে আকুলতা না আইসে, তাহা হইলে সেই ধর্ম্মানুষ্ঠান পণ্ডশ্রম মাত্র। মূল শ্লোকে "এতাবানেব"—এই এবকারের উল্লেখ থাকাতে অন্য সাধনের ব্যাবৃত্তি অর্থাৎ বাধাটি স্পষ্টরূপে বুঝাইয়াছে। আরও মূল শ্লোকে "ভগবতি"—এই পদটি প্রয়োগ থাকাতে ইহাও বুঝাইতেছে যে—শ্রীভগবানের নাম শ্রবণ-কীর্ত্তনাদিও যদি কর্ম্ম-জ্ঞান-যোগাদি সাধনের সফলতা সম্পাদনের জন্য প্রযুক্ত হয়, তাহা হইলে সেই শ্রীনাম শ্রবণ-কীর্ত্তনাদি দ্বারা যে শ্রীভগবান্‌কে ভক্তি করা হয়, সেই ভক্তিযোগের শ্রেষ্ঠত্ব নাই। যেহেতু অন্যনিরপেক্ষ ভক্তিযোগ কর্ম্ম-জ্ঞানাদি সাধনের যে তুচ্ছ ফল, সেই তুচ্ছ ফলের জন্য প্রযুক্ত হয় বলিয়া ভক্তিযোগের নিকটে অপরাধই হইয়া থাকে। অর্থাৎ তাহার সেই অনুষ্ঠিত ভক্তিযোগটিতে নামাপরাধই উদ্গম্ করিয়া থাকে এবং সেই নাম-কীর্ত্তনাদি দ্বারা বিনাশশীল লাভ হইয়া থাকে। কিন্তু শ্রীহরির চরণে পরম পুরুষার্থরূপ প্রেমফল লাভ করিতে পারা যায় না; যেহেতু অন্য সাধনের সঙ্গে মিশ্রিত করিয়া শ্রীনামাদি শ্রবণ-কীর্ত্তন করিলে সেই শ্রবণ-কীর্ত্তনাদিরূপ ভক্তিযোগ সেই সাধকের প্রতি অপ্রসন্ন থাকেন। সুতরাং সাক্ষাৎ ভক্তিযোগের মুখ্য ফল প্রেমলাভে বঞ্চিত থাকিতে হয়। যেমন কোনও একটি সদাচারসম্পন্ন সামর্থ্যশালী ব্রাহ্মণকে অন্য কোন হীনাচারসম্পন্ন জাতি বা ব্যক্তির সহিত বসাইলে সেই ব্রাহ্মণ তাহার প্রতি কখনও প্রসন্ন হইতে পারে না; তেমনি ভক্তি-পরতন্ত্র জ্ঞান-কর্ম্মাদি সাধনের সহিত অন্যনিরপেক্ষ সর্ব্বসাধন ফলদানে সমর্থ ভক্তিযোগটি মিশ্রিত করিয়া সাধন করিলে ভক্তিযোগ কখনও এই সাধকের প্রতি প্রসন্ন হইতে পারে না এবং নিজ মুখ্যফল প্রেমদান করিতে কুণ্ঠিত